কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় নিহত-২

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় শফিউল আজম ও এনামুল ইসলাম নামে দুজন নিহত হয়েছে।

বুধবার সকালে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের লক্ষ্মীপুর মধুপুর কলারহাটের কাছে এ দুর্ঘটনা ঘটে।

নিহত শফিউল আজম খয়েরপুর গ্রামের মৃত ফজলুল হকের ছেলে। তিনি সাতক্ষীরা সরকারি কলেজের সহযোগী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করতেন।
এবং এনামুল আমলা চরপাড়া গ্রামের আব্দুল গনি মন্ডলের ছেলে। নিহত দুজন মামাতো-ফুফাতো ভাই।

পুলিশ জানায়, শফিকুল আজম তার কর্মস্থল সাতক্ষীরা থেকে সকালে মোটরসাইকেল যোগে নিজ বাড়ী কুষ্টিয়ার আমলার খয়েরপুরে আসছিলেন। মোটরসাইকেল চালাচ্ছিলেন তার মামাতো ভাই এনামুল ইসলাম। পথে মধুপুরে রডবাহী একটি ট্রাক তাদের মোটরসাইকেলকে ধাক্কা দেয়। এতে দুর্ঘটনায় ঘটনাস্থলেই এনামুলের মৃত্যু হয় আর হাসপাতালে নেয়ার পর শিক্ষক শফিউল আজমের মৃত্যু হয়।

নিহত শিক্ষক শফিউলের ভাইরা ভাই স্বপন জানান, মাকে দেখার জন্য শফিউল তার মামাতো ভাই এনামুলের সাথে সাতক্ষীরা থেকে কুষ্টিয়ার আমলার খয়েরপুরে আসছিল এসময় মধুপুরে সড়ক দুর্ঘটনার কবলে পড়ে।

মেহেরপুরে নতুন করে১৫৪ জন

করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে ১৫৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৬৯ জন, গাংনীতে ৭২ জন মুজিবনগর ১৩ জন।

মঙ্গলবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৩৯৮টি। তারমধ্যে ১৫৪ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৮৫৫ জন। তার মধ্যে সদরে ২৭৮ জন, গাংনীতে ৪৬৯ জন এবং মুজিবনগরে ১০৮ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৮৩ জন । মৃতদের মধ্যে সদরে ৩৫ জন, গাংনী ২৯ জন ও মুজিবনগরে ১৯ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

চুয়াডাঙ্গায় মাদকবিরোধী অভিযান এক নারী মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষ থেকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হয়েছে। এই মাদকবিরোধী অভিযানে চুয়াডাঙ্গায় আয়েশা বেগম নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। মঙ্গলবার বিকেলে সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা অভিযান চালিয়ে ৩০ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ আয়েশা বেগমকে তার বাড়ি থেকে আটক করেন।

আটককৃত আয়েশা বেগম (৬০) চুয়াডাঙ্গা জেলা শহরের বড় মসজিদ পাড়ার মৃত মওলা বক্সের স্ত্রী।

এক বিজ্ঞপ্তিতে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন জানান, গোপণ সংবাদের ভিত্তিতে মঙ্গলবার বেলা সাড়ে ৪ টার দিকে সঙ্গীয় ফোর্স নিয়ে আয়েশা বেগমের বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটককৃত আয়েশা বেগমের শিকারোক্তিতে তার ঘরে তল্লাশি চালিয়ে ৩০ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করা হয়।

পরে আয়েশা বেগমের বিরুদ্ধে নিয়মিত মামলাসহ তাকে চুয়াডাঙ্গা সদর থানায় সোপর্দ করা হয়েছে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন জানান, আটককৃত আয়েশা বেগম এলাকার চিহ্নিত মাদক ব্যাবসায়ী। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে। এর আগেও তাকে মাদকসহ আটক করা হয়েছে। তিনি জামিনে মুক্ত হয়ে আবার মাদক ব্যাবসায় শুরু করে। মঙ্গলবার তাকে আটককের পর নিয়মিত মামলাসহ সদর থানায় সোপর্দ করা হয়েছে।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সিনোফামার্র টিকা প্রদান

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেকমপ্লেক্সর চায়নার সিনোফামার্র টিকা প্রদান করা হয়েছে।গতকাল মঙ্গলবার সকাল ৮টা থেকে বিকাল ৩টা পর্যন্ত বিরতীহীন ভাবে স্বাস্থ্যবিধি মেনে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সর প্রথম দিনে ২১৮ জনকে এ টিকা প্রদান করা হয়।এর মধ্যে ১১৬জন পুরুষ এবং ১০২জন মহিলা।

জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সেও আবাসিক মেডিকেল অফিসার( আর এম ও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু বলেন,দ্বিতীয়বারের মত জীবননগর হাসপাতালে রেজিস্টেশনকৃত ব্যাক্তিদের টিকা প্রদান করা হচ্ছে।সকাল থেকে হাসপাতালে টিকা গ্রহনকারীদের ভিড় ছিল আমরা স্বাস্থ্যবিধি মেনেই টিকা প্রদান করেছি এবং সাধারন মানুষ যাতে স্বাস্থ্যবিধি

মেনে চলে সে বিষয়ে সচেতন করা হচ্ছে।৩৫ বছরের উর্দ্ধের ব্যাক্তি যারা রেজিস্টেশন করেছে পর্যায়ক্রমে

জীবননগর হাসপাতালের অক্সিজেন সিলিন্ডার প্রদান করলেন এস কে লিটন

জীবননগর হাসপাতালে করোনা ইউনিটে চিকিৎসা নিতে আসা করোনায় আক্রান্ত রোগীদের চিকিৎসাসেবা বেগবান করার লক্ষে মাইটিভির সিনিয়ার রিপোর্টার ও সাথী অটো রাইস মিলের ম্যানেজিং ডিরেক্টর এস কে লিটন ১০টি অক্সিজেন সিলিন্ডার উপহার হিসাবে প্রদান করেছেন। গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃসেলিমা আক্তারের হাতে এ উপহার তুলেদেন ।এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সরর আবাসিক মেডিকেল অফিসার (আর এম ও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,মাইটিভির প্রতিনিধি মিঠুন মাহমুদ,সাথী অটো রাইস মিলের এস কে বকুল প্রমুখ।

ঝিনাইদহ সড়ক নির্মাণের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের দুর্গাপুর-ভাদালীডাঙ্গা সড়ক নির্মাণের দাবিতে মঙ্গলবার সকাল ১০ টা থেকে ঘন্টা ব্যাপী মানববন্ধন করে এলাকাবাসী।
উপজেলার দূর্গাপুর গ্রামের ছাত্র-ছাত্রী, নারী-পুরুষ এই

মানববন্ধনে অংশ গ্রহন করে। দুর্গাপুর থেকে ভাদালীডাঙ্গা গ্রাম পর্যন্ত প্রায় ৪ কিঃমিঃ সড়ক চলাচলের বেহাল দশা। দীর্ঘদিন যাবৎ এই সড়কটি অবহেলিত। নির্বাচিত জন প্রতিনিধিরা উন্নয়নের কথা বললেও বাস্তবে তা কার্যকরী না হওয়ায় তারা এই মানববন্ধনের আয়োজন করেন। সড়কটি উন্নয়নের অভাবে জেলার বড় ধান উৎপাদনকারী বিল হুমদাহের বিলের ধান, মাঠের তরিতরকারী, কাঁচামাল বিক্রয় করতে খুবই অসুবিধার সম্মুখিন হন তারা। এছাড়া স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানে যেতে অবর্ননীয় কষ্টের সম্মুখিন হন বলেও তারা জানান।
ইতমধ্যে এলাকার মানুষ নিজেরা উদ্যোগ নিয়ে ৫ লাখ টাকা যোগাড় করে ইট বালী ক্রয় করে ১৫দিন যাবৎ গ্রামের প্রায় ৩০০ শিশু, যুবক, কৃষক, শ্রমিক, ছাত্র-ছাত্রীরা সড়কটি নির্মাণের জন্য স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে দিনভর কাজ করে যাচ্ছে।
দুই গ্রামের ৯০জন যুবক উদ্যোগি হয়ে কাজটি শুরু করেন। মানববন্ধনে উপস্থিত ছিলেন যুব উগ্যোক্তা রাজু আহম্মেদ, ইয়াহিয়া, দুদু মিয়া, ইমন আলী, মসিউর রহমান, ছাত্রী স্বম্পা, টুম্পা, শিক্ষক ওয়াজেদ আলী, প্রভাষক সেলিম উদ্দীন, কৃষক রফিকুল ইসলাম প্রমুখ। মানববন্ধন থেকে স্থানীয়রা বলেন দীর্ঘদিন অবহেলিত এ সড়কটি উন্নয়নের কথা মাননীয় এমপি, জেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিদের কাছে একাধীকবার জানালেও তারা বলেন কাজটি হয়ে যাবে কিন্ত বাস্তবে তা কার্যকরী হয় না। তারা এই সড়কটি নির্মাণের জন্য প্রধানমন্ত্রীর সুদৃষ্টি কামনা করেন।

মেহেরপুরে উপজেলা পর্যায়ে কোভিড ভ্যাকসিন প্রয়োগ শরু

মেহেরপুর জেলায় উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস টিকা প্রয়োগ শুরু হয়েছে। আজ মঙ্গলবার সকাল দশটা থেকে সদর, গাংনী ও মুজিবনগর উপজেলায় টিকা প্রয়োগ শুরু হয়। টিকাদান কেন্দ্র গুলোতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত মানুষের ব্যাপক উপস্থিতি রয়েছে। আগ্রহের

সঙ্গে টিকা গ্রহণ করছেন ৩৫ তদুর্দ্ধ বিভিন্ন শ্রেণির মানুষ। চীনের তৈরী সিনোভ্যাক্স টিকা দেওয়া হচ্ছে তিন উপজেলায়। মেহেরপুর সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দীন জানান, এ পর্যন্ত মেহেরপুর জেলায় ৩৮ হাজারের উপরে রেজিস্ট্রেশন হয়েছে। এদের মধ্যে ২১ হাজার মানুষকে টিকার প্রথম ডোজ দেওয়া হয়েছে। রেজিস্ট্রেশন ও টিকা প্রয়োগ কার্যক্রম চলমান থাকবে বলে আশা প্রকাশ করেন তিনি।

ঝিনাইদহে শৈলকুপার শেখপাড়ায় দুই ফার্মেসিতে ৪০ হাজার টাকা জরিমানা

ঝিনাইদহের শৈলকুপা জেলার শেখপাড়া বাজারে মঙ্গলবার অভিযান চালিয়েছে ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। অভিযানে শেখপাড়া বাজারের হাসানুজ্জামান ফারুকের নবারুণ ফার্মেসি এবং গৌতম কুমার বিশ্বাসের দয়াল ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ওষুধ, ফিজিশিয়ানের স্যাম্পল এবং ওষুধের পাতার মেয়াদ কেটে রাখার অপরাধ প্রমাণিত হয়। এ ঘটনায় প্রত্যেক দোকানদারকে বিশ হাজার টাকা করে সর্বমোট ৪০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানের সময় ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদা অফিসের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল ও নিরাপদ খাদ্য অফিসার মোঃ রাসেল উপস্থিত ছিলেন। সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালকের অর্পিত ক্ষমতাবলে এ অভিযান পরিচালিত হয়।

এ সময় নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকান, কাঁচা বাজার, ঔষধের দোকান ও জরুরি পরিষেবা ব্যতীত সকল ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রাখতে এবং জরুরি প্রয়োজন ব্যতীত ঘরের বাইরে বের না হতে অনুরোধ করা হয়। পাশাপাশি কোভিড-১৯ সংক্রমণ থেকে রক্ষা পেতে সার্বক্ষণিকভাবে মাস্ক ব্যবহার করতে জনসাধারণকে অনুরোধ করা হয়।

মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে ৩ জনের মৃত্যু

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে করোনা ও উপসর্গ নিয়ে তিন জনের মৃত্যু হয়েছে। গত কাল সোমবার রাত ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮ টা পর্যন্ত তাদের মৃত্যু হয়। মারা যাওয়া তিন জন হলেন মেহেরপুর সদর ওয়াপদা পাড়ার ইউসুফ আলী (৭৭),বামন পাড়ার লুৎফর রহমান(৬০), মনোহারপুর গ্রামের এনামুল হক (৫৫) মৃত্যবরণ করেন। হাসপাতাল সূত্রে জানা গেছে, সকলেই জ্বর, সর্দি, কাশি, গলা ব্যথা ও শ্বাসকষ্ট নিয়ে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে করোনা ইউনিটে ভর্তি হয়েছিলেন পরে চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়।

জরিমানার টাকা মেম্বরের পকেটে!

বন্ধুর বাড়িতে বেড়াতে গিয়ে গ্যাড়াকলে পড়েছেন টিপু মিয়া (১৮) নামের এক কলেজ ছাত্র। শারীরিক নির্যাতন ছাড়াও অবৈধভাবে গ্রাম্য সালিশ ডেকে ৪০ হাজার টাকা জরিমানাও করা হয়েছে। অভিযোগ উঠেছে জরিমানার পুরো টাকা স্থানীয় ইউপি মেম্বর বাবলু কাশেম পকেটস্থ করেছেন।

ঘটনাটি মেহেরপুরের গাংনীর কুলবাড়িয়া গ্রামে গেল বৃহস্পতিবার দুপুরের। টিপু মিয়া ওই গ্রামের আমজাদ হোসেনের ছেলে ও গাংনী সরকারী কলেজের একাদশ শ্রেণির ২য় বর্ষের ছাত্র। সালিশকাররিা বলছেন ওই টাকা সমাজের উন্নয়নে কাজে লাগানো হবে।

জানা গেছে, টিপু মিয়া বৃহস্পতিবার প্রতিবেশি বন্ধু উজ্জ¦ল হোসেনের বাড়িতে গেলে পূর্ব পরিকল্পিতভাবে টিপুকে মারধর শুরু করেন। জিবন বাঁচাতে পালিয়ে যায় টিপু। ওই দিন সন্ধায় টিপুর নামে